# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd
ক্রেডিট বিভাগ

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩৩৮)/২০২১-২০২২/ ৩০৮৬(১২৩) তারিখঃ- ২০ ডিসেম্বর ২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় কৃষি খাতের জন্য গঠিত ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১) এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১ এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের ০৯-১১-২০২১ তারিখের পত্র নং প্রকা/ক্রেবি/(শাখা-৫)রুমাবি-৩৩৮/২০২১-২০২২/৮৪৯ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত সার্কুলার মোতাবেক ৩০০০.০০ (তিন হাজার) কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে বর্তমান অর্থবছরে ০৫ (পাঁচ) কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। এখাতে ঋণ বিতরণের জন্য বাংলাদেশ ব্যাংকে অতিরিক্ত বরাদ্দের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। অত্র ব্যাংকের ঋণ বিতরণ সক্ষমতা যাচাই অর্থাৎ বর্তমানে বরাদ্দকৃত ৫.০০ কোটি টাকা দ্রুততা ও স্বচ্ছতার সাথে বিতরণ সাপেক্ষে বাংলাদেশ ব্যাংক হতে অত্র ব্যাংকের অনুকূলে অতিরিক্ত বরাদ্দ বিবেচনা করবে মর্মে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মৌখিকভাবে জানানো হয়েছে।

০৩। বাংলাদেশ ব্যাংক কর্তৃক অর্থায়নকারী ব্যাংকের অর্থাৎ বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে প্রদত্ত পুনঃ অর্থায়নের বিপরীতে সুদ/মুনাফার হার বার্ষিক ০.৫% এবং কৃষি ব্যাংক কর্তৃক সরাসরি ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতিতে সর্বোচ্চ বার্ষিক ৭%। এক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকের স্প্রেড ৬.৫%।

০৪। বর্তমানে বরাদ্দকৃত ৫.০০ কোটি টাকা আগামী ৩১-১২-২০২১ এর মধ্যে অবশ্যই বিতরণ নিশ্চিত করতে হবে। এখাতে বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৫.০০ কোটি টাকা। বর্তমান লক্ষ্যমাত্রায় শাখা পর্যায়ে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা খুবই সামান্য, সেক্ষেত্রে অঞ্চলের মোট ঋণ বিতরন লক্ষ্যমাত্রা সম্ভাবনাময় অল্প কয়েকটি শাখার মাধ্যমে পুরণ করা যেতে পারে। বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১ এর আওতায় বিতরণকৃত ঋণের তথ্য অত্যন্ত সতর্কতা অবলম্বন করে দৈনিক ভিত্তিতে Web Portal এ এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে।

০৫। এমতাবস্থায়, বর্ণিত সার্কুলারের নীতিমালা অনুসরণ পূর্বক এখাতের জন্য বরাদ্দকৃত ৫.০০ কোটি টাকা আগামী ৩১-১২-২০২১ এর মধ্যে বিতরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

সংযুক্তিঃ বনর্ণামতে।

আপনার বিশ্বস্ত,
[illegible] ২০/১২/২০২১
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩৩৮)/২০২১-২০২২/ ৩০৮৬(১২৩) তারিখঃ- ২০ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Psarkar
মোঃ পারভেজ কাওসার সরকার
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-০২২২৩৩৮৮৯৪৯,
e-mail : dgmppd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৫)রুমাবি-৩৩৮/২০২১-২০২২/ ১৮৪৯(১২৫০) তারিখঃ ০৯ নভেম্বর ২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **নভেল করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকার ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর ২৮ অক্টোবর ২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং-০২/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লিখিত পত্র মারফত শিরোনামোক্ত বিষয়ে ২০ এপ্রিল ২০২০ তারিখের এফআইডি সার্কুলার নং-০১/২০২০, ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০২০, ০৯ নভেম্বর ২০২০ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০২/২০২০ এবং ০৮ জুন ২০২১ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০৩। আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের মাধ্যমে করোনা ভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকান্ড চলমান রাখা এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৩০০০ (তিন হাজার) কোটি টাকার একটি আবর্তনশীল পুনঃ অর্থায়ন স্কিম (Revolving Refinance Scheme) গঠন করা হয়। উক্ত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন সহজতর করার নিমিত্তে বিভিন্ন সময়ে নীতি সহায়তা প্রদানের লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত পুনঃ অর্থায়ন স্কিমটি ০৩ বছরের জন্য প্রণীত হয়েছে। গত ৩০ জুন ২০২১ তারিখে স্কিমটির প্রথম দফা বাস্তবায়ন শেষ হয়েছে। দ্বিতীয় দফা বাস্তবায়ন ১লা জুলাই ২০২১ তারিখ হতে শুরু হয়েছে, যা আগামী ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে। এ পর্যায়ে কোভিড-১৯ এর প্রাদুর্ভাব প্রলম্বিত হওয়ায় এর নেতিবাচক প্রভাব হতে নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের উত্তরণ ও তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উক্ত স্কিমের বাস্তবায়ন আরও সহজতর করার জন্য ইতঃ পূর্বে জারিকৃত নির্দেশনাসমূহ সমন্বিত করে এবং নতুন কিছু নির্দেশনা একীভূত করে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ জারি করা হলো ঃ

৩.১। **স্কিমের নাম** ঃ এ স্কিমের নাম হবে **"নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিম"**।

৩.২। **তহবিলের উৎস ও পরিমাণ** ঃ বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল; টাকা ৩,০০০ (তিন হাজার) কোটি। তবে, প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক এ তহবিলের পরিমাণ বৃদ্ধি করতে পারবে।

৩.৩। **স্কিমের মেয়াদ** ঃ এ স্কিমের মেয়াদ হবে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত।

৩.৪। **অর্থায়নকারী প্রতিষ্ঠান ঃ**

(ক) বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের (MFI) সদস্যদের অনুকূলে ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণের উদ্দেশ্যে MFI এর অনুকূলে প্রদত্ত ঋণ/বিনিয়োগ তাদের সদস্যদের মধ্যে বিতরণের পর এ স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে;

(খ) বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক নিজস্ব নীতিমালায় ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে সরাসরি বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতেও এ স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে;

(গ) ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহ শরীয়াহ্ নীতিমালা অনুসরণ করে MFI ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে বিনিয়োগ অনুমোদনের পর এ স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক থেকে অর্থায়ন সুবিধা গ্রহণ করে বিতরণ করতে পারবে;

(ঘ) MFI ও সরাসরি ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে অর্থায়নে আগ্রহী তফসিলি ব্যাংকসমূহকে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে একটি অংশগ্রহণমূলক চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে। তবে, ইতঃপূর্বে যে সকল ব্যাংক বর্ণিত স্কিমের আওতায় অংশগ্রহণ মূলক চুক্তি সম্পাদন করেছে, তাদের নুতনভাবে চুক্তি সম্পাদনের আবশ্যকতা নেই। ব্যাংকসমূহ কর্তৃক ইতঃপূর্বে সম্পাদিত অংশগ্রহণমূলক চুক্তি, MFI ও ক্ষুদ্র উদ্যোক্তা উভয় পর্যায়ে অর্থায়নের চুক্তি হিসেবেই গণ্য হবে।

(পরবর্তী পাতা নং-২)

৩.৫। ব্যাংক কর্তৃক MFI নির্বাচন ও ঋণ/বিনিয়োগ মঞ্জুরী প্রক্রিয়া ঃ

(ক) MFI এ স্কিমে অংশগ্রহণের আগ্রহ জানিয়ে সংশ্লিষ্ট ব্যাংকে প্রয়োজনীয় দলিলাদিসহ আবেদন পত্র দাখিল করবে;

(খ) অর্থায়নকারী ব্যাংক MFI সম্পর্কিত বিভিন্ন তথ্য, যেমন ঋণ পরিশোধের সক্ষমতা ( Repayment Capacity), আর্থিক অবস্থা ইত্যাদি সম্পর্কে সন্তুষ্ট হয়ে এ স্কিমের আওতায় অর্থায়ন বা ঋণ/বিনিয়োগ বিতরণ, তদারকি এবং আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট MFI এর সাথে একটি সমঝোতা চুক্তি সম্পাদন করবে;

(গ) অর্থায়নকারী ব্যাংক কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত MFI এর আর্থিক সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র প্রদান করার জন্য মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (MRA) কে অনুরোধ জানাবে;

(ঘ) অর্থায়নকারী ব্যাংক হতে প্রত্যয়নপত্র প্রদানের অনুরোধ প্রাপ্তির পর ন্যূনতম সময়ের মধ্যে MRA সংশ্লিষ্ট MFI এর আর্থিক সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র ইস্যু করবে। MRA কর্তৃক উল্লিখিত প্রত্যয়নপত্র প্রদানকালে বিদ্যমান বিধি-বিধান পরিপালন এবং নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করবেঃ

- দায় (সঞ্চয়, গৃহীত কর্জ) ও সম্পদের (ঋণ/বিনিয়োগ স্থিতি) অনুপাত;
- ব্যাংক ও অন্যান্য উৎস হতে গৃহীত ঋণ/বিনিয়োগ নিয়মিত ফেরত প্রদান;
- মোট উদ্বৃত্ত তহবিলের ১০% দ্বারা সংরক্ষিত তহবিল গঠন। তবে MFI এর কর্ম পরিধি বিবেচনায় MRA নিজস্ব নীতিমালা অনুসরণ করে নির্ধারিত ১০% এর শর্ত প্রয়োজনে শিথিলভাবে বিবেচনা করতে পারবে;
- ঋণ/বিনিয়োগ ক্ষতি সঞ্চিতি সংরক্ষণ।

(ঙ) MRA ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্রে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ করবে;

- সর্বশেষ সমাপ্ত অর্থবছরের (নিরীক্ষিত আর্থিক বিবরণী মোতাবেক) ঋণ/বিনিয়োগ স্থিতির পরিমান;
- এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ প্রাপ্তির সর্বোচ্চ সীমা [এ স্কিমের আওতায় MRA কর্তৃক ইস্যুকৃত আর্থিক সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্রের ভিত্তিতে অর্থায়নকারী ব্যাংক MFI এর বিদ্যমান ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৪০% পর্যন্ত অথবা আলোচ্য পুনঃ অর্থায়ন স্কিমের মোট তহবিলের (৩০০০ কোটি টাকা) ৫%, এর মধ্যে যা কম ঋণ/বিনিয়োগ হিসাবে মঞ্জুরী/প্রদান করতে পারবে];
- বিদ্যমান দায় (সঞ্চয়, গৃহীত কর্জ) ও সম্পদের (ঋণ/বিনিয়োগ স্থিতি) অনুপাত;
- সংরক্ষিত তহবিল/তহবিলসমূহের পরিমান;
- এ স্কিমের আওতায় সংশ্লিষ্ট MFI এর বিপরীতে যে সকল ব্যাংকের অনুকূলে সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র ইস্যু করা হয়েছে সে সকল ব্যাংকের নাম।

(চ) তফসিলি ব্যাংকসমূহ নির্বাচিত MFI এর আবেদনের ভিত্তিতে তাদের অনুকূলে অর্থায়ন করবে;

(ছ) তফসিলি ব্যাংক হতে অর্থায়ন প্রাপ্তির পর MFI ন্যূনতম সময়ের মধ্যে গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ বিতরণ নিশ্চিত করবে;

(জ) এ স্কিমের আওতায় কোন MFI অনধিক ০৫টি তফসিলি ব্যাংক হতে অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। তবে প্রয়োজনের নিরিখে MFI, বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনক্রমে ০৫টির অধিক তফসিলি ব্যাংক হতেও অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। অর্থায়ন সুবিধা গ্রহণকারী MFI এর নির্ধারিত সীমার মধ্যে অর্থায়ন গ্রহণ নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট MFI এ স্কিমের আওতায় অন্যান্য ব্যাংক হতে গৃহীত ঋণ/বিনিয়োগের তথ্যসম্বলিত একটি ঘোষণাপত্র ব্যাংকে দাখিল করবে। ব্যাংক প্রয়োজনে দাখিলকৃত তথ্যাদি যাচাই করবে।

৩.৬। স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্তির যোগ্য গ্রাহক ঃ

(ক) 'নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী' অর্থাৎ স্থানীয়ভাবে কৃষি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকান্ডে নিয়োজিত বিভিন্ন শ্রেণী/পেশার স্থানীয় উদ্যোক্তা ও পেশাজীবী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(খ) অতিদরিদ্র, দরিদ্র অথবা কোন অনগ্রসর গোষ্ঠীভুক্ত ব্যক্তি, অসহায়/নিগৃহীত নারী, কোভিড-১৯ এর প্রভাবে ক্ষতিগ্রস্ত এবং বিদেশ থেকে প্রত্যাগত ব্যক্তিগণ এ ঋণ/বিনিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে, মোট ঋণ/বিনিয়োগের কমপক্ষে ২৫% নারীদের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে।

৩.৭। MFI কর্তৃক ঋণ/বিনিয়োগ বিতরণের শর্তাবলী ঃ

(ক) MFI নিজস্ব নীতিমালার পাশাপাশি গ্রাহকের বিগত এক বছরের আয়বর্ধক কর্মকান্ড বিবেচনায় নিয়ে এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণ করবে। বিগত ০১ এক বছরের সময়কালে কোভিড-১৯ এর প্রভাবে আয়বর্ধক কর্মকান্ড সন্তোষজনক না হলে, সেক্ষেত্রে কোভিড-১৯ এর পূর্ববর্তী ০১ বছরের আয় বর্ধক কর্মকান্ড বিবেচনায় নিয়ে ঋণ/বিনিয়োগ প্রাপ্যতা নির্ধারণ করতে পারবে;

(খ) MFI এর সমিতিভুক্ত কোন সদস্যকেই এই ঋণ/বিনিয়োগ প্রদান করা যাবে;

(গ) করোনা ভাইরাসের সংক্রমণ ও বিস্তারজনিত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছেন এমন গ্রাহকগণ অগ্রাধিকার পাবেন;

(ঘ) এ স্কিমের আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগের অর্থ দিয়ে গ্রাহকের বিদ্যমান অন্য কোন ঋণ/বিনিয়োগ সমন্বয় করা যাবে না;

(ঙ) এ স্কিমের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ যথাসময়ে আদায়ের পর সংশ্লিষ্ট গ্রাহককে আয়বর্ধক কর্মকান্ড সচল রাখার লক্ষ্যে এ স্কিমের মেয়াদের মধ্যে নতুনভাবে ঋণ/বিনিয়োগ বিতরণ করা যাবে;

(চ) ঋণ/বিনিয়োগ গ্রহীতা অন্য কোন ব্যাংক বা MFI এর ঋণ/বিনিয়োগ খেলাপি হলে এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন না।

(পরবর্তী পাতা নং-৩)

৩.৮। **গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের পরিমাণ** ঃ এ স্কিমের আওতায় নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীগণকে তাদের আয় উৎসারী কর্মকান্ড পরিচালনা/সচল রাখার জন্য প্রদেয় ঋণ/বিনিয়োগসীমা হবে নিম্নরূপঃ

(ক) MFI কর্তৃক একক গ্রাহকের ক্ষেত্রে ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৭৫.০০ (পঁচাত্তর) হাজার টাকা এবং আয় উৎসারী কর্মকান্ডে অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ (Group of Persons) এর সমন্বয়ে গঠিত গ্রুপভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে ন্যূনতম ০৫ সদস্যবিশিষ্ট গ্রুপের অনুকূলে ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা;

(খ) MFI কর্তৃক নির্বাচিত ক্ষুদ্র উদ্যোক্তার অনুকূলে এককভাবে ঋণ/বিনিয়োগের পরিমান হবে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা এবং ন্যূনতম ০৫ সদস্যবিশিষ্ট যৌথ প্রকল্পে (গ্রুপ) ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা;

(গ) তফসিলি ব্যাংক কর্তৃক সরাসরি নির্বাচিত ক্ষুদ্র উদ্যোক্তার অনুকূলে এককভাবে ঋণ/বিনিয়োগের পরিমান হবে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা এবং ন্যূনতম ০৫ সদস্যবিশিষ্ট যৌথ প্রকল্পে (গ্রুপ) ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা;

(ঘ) গ্রুপ গঠন এবং এর কার্যাদি পরিচালনার বিষয়ে সদস্যগণের মধ্যে এ সংক্রান্ত একটি চুক্তি থাকতে হবে;

(ঙ) কোন ব্যক্তি ক্ষুদ্র ঋণ/বিনিয়োগ এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ/বিনিয়োগ-এর মধ্যে যে কোন একটি (একক অথবা গ্রুপভুক্ত) ঋণ/বিনিয়োগ পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৩.৯। **ব্যাংক কর্তৃক MFI এ অর্থায়নের সীমা ঃ**

(ক) কোন একটি MFI এর অনুকূলে সর্বোচ্চ অর্থায়নের পরিমাণ হবে MFI এর বিদ্যমান (সর্বশেষ সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী মোতাবেক) ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৪০% অথবা আলোচ্য পুনঃ অর্থায়ন স্কিমের মোট তহবিলের (৩০০০ কোটি টাকা) ৫%, এর মধ্যে যা কম। অর্থায়নের এ সীমা চাহিদা ও প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিবর্তন করা যেতে পারে;

(খ) তবে, এ অর্থায়নের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত Single Borrower Exposure Limit এর বিধি-বিধান প্রযোজ্য হবে।

৩.১০। **MFI কর্তৃক প্রাপ্ত তহবিলের খাত ভিত্তিক বিভাজন** ঃ

এ স্কিমের আওতায় কোন MFI কর্তৃক সংশ্লিষ্ট অর্থায়নকারী ব্যাংক হতে প্রাপ্ত মোট তহবিলের ৭০% ক্ষুদ্র ঋণ/বিনিয়োগ খাতে এবং ৩০% ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ/বিনিয়োগ খাতে বিতরণ করতে হবে। তবে, কোন কারণে MFI কর্তৃক ক্ষুদ্র উদ্যোক্তা খাতে ঋণ/বিনিয়োগ বিতরণ সম্ভব না হলে উক্ত অর্থ ক্ষুদ্র ঋণ (Micro credit) খাতেও বিতরণ করতে পারবে।

৩.১১। **পুনঃঅর্থায়ন প্রক্রিয়া** ঃ

পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে অর্থায়নকারী ব্যাংক গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের বিস্তারিত তথ্য ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য /দলিলাদিসহ (সংযুক্ত ছক-১ মোতাবেক) প্রতি মাসের ২০ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবরে আবেদন করবে। অর্থায়নকারী ব্যাংকের আবেদনের ভিত্তিতে এ স্কিম হতে পুনঃঅর্থায়ন করা হবে।

৩.১২। **গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের মেয়াদ** ঃ

এ স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের মেয়াদ গ্রাহকের পেশা, ব্যবসার ধরণ, টার্নওভার, ফসল উৎপাদনের পঞ্জিকা (Crop Calendar) অনুযায়ী নির্ধারণ করা যাবে। গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের মেয়াদ হবে নিম্নরূপঃ

(ক) ক্ষুদ্র ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে (একক ও গ্রুপভুক্ত উভয় ক্ষেত্রে) ঋণ/বিনিয়োগের মেয়াদ হবে বিতরণের তারিখ হতে গ্রেস পিরিয়ড ব্যতিরেকে সর্বোচ্চ ০১ (এক)বছর;

(খ) ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে (একক ও গ্রুপভুক্ত উভয় ক্ষেত্রে) ঋণ/বিনিয়োগ মেয়াদ হবে গ্রেস পিরিয়ড ব্যতিরেকে কমপক্ষে ০২ বছর এবং সর্বোচ্চ ০৩ বছর।

(গ) ক্ষুদ্র ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ ০৩ মাস এবং ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে সর্বোচ্চ ০৬মাস গ্রেস পিরিয়ড প্রদান করা যাবে। তবে, MFI ও গ্রাহক উভয় পক্ষের সম্মতিক্রমে ঋণ/বিনিয়োগ গ্রহীতার অর্থনৈতিক কর্মকান্ড/ব্যবসার ধরণ অনুযায়ী MFI কর্তৃক প্রদেয় ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড সর্বনিম্ন ০১ মাস পর্যন্ত নির্ধারণ করা যাবে। অনুরূপভাবে, তফসিলি ব্যাংক কর্তৃক ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে প্রদেয় ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড সর্বনিম্ন ০৩ মাস নির্ধারণ করা যাবে।

৩.১৩। **ব্যাংক ও MFI পর্যায়ে সুদ/মুনাফার হার ঃ**

(ক) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অর্থায়নকারী ব্যাংকের অনুকূলে প্রদত্ত পুনঃঅর্থায়নের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক ০.৫%;

(খ) অর্থায়নকারী ব্যাংক কর্তৃক MFI এর অনুকূলে প্রদত্ত অর্থায়নের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক সর্বোচ্চ ৩%।

(পরবর্তী পাতা নং-৪)

**৩.১৪। গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার ও অন্যান্য ফি/খরচ ঃ**

(ক) MFI কর্তৃক গ্রাহক পর্যায়ে বার্ষিক সুদ/মুনাফা/সার্ভিস চার্জের হার হবে ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতিতে (Reducing Balance Method) সর্বোচ্চ ৯%। MRA -এর ০৪ মে ২০১৪ তারিখের সার্কুলার লেটার নং-রেগু-২৩ এ বর্ণিত ভর্তি ফি, পাস বই, ঋণ ফরম এবং নন-জুডিশিয়াল স্টাম্পে অঙ্গীকারনামার খরচ ব্যতীত অন্য কোন চার্জ/ফি আদায় করা যাবে না;

(খ) তফসিলি ব্যাংক কর্তৃক সরাসরি ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ের বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার হবে ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতিতে (Reducing Balance Method) সর্বোচ্চ বার্ষিক ৭%। স্ট্যাম্প ফি, এসএমএস চার্জ ও সরকারী আবগারী শুল্ক ব্যতীত অন্য কোন চার্জ/ফি আদায় করা যাবে না।

**৩.১৫। আদায় ঃ**

(ক) MFI গ্রাহকের নিকট থেকে গ্রেস পিরিয়ড শেষে সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণ/বিনিয়োগের অর্থ আদায় করবে;

(খ) অর্থায়নকারী ব্যাংক MFI-কে প্রদত্ত ক্ষুদ্র ঋণ/বিনিয়োগের বিপরীতে অর্থায়ন ও আদায়ের জন্য ০৩ মাস এবং ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে ঋণ/বিনিয়োগের বিপরীতে অর্থায়ন ও আদায়ের জন্য ০৬ মাস গ্রেস পিরিয়ড প্রদান করবে। গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ঋণ/বিনিয়োগের কিস্তি আদায় শুরু হবে;

(গ) MFI-কে ঋণ/বিনিয়োগ প্রদানকারী ব্যাংক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থায়নকৃত অর্থ আদায় করবে। এক্ষেত্রে, ০১/০২/০৩ বছরের জন্য প্রদত্ত ঋণ/বিনিয়োগ যথাক্রমে ০৪/০৮/১২ কিস্তিতে আদায় করবে;

(ঘ) তবে, MFI কর্তৃক মাঠ পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের মেয়াদ তাদের কর্তৃক তফসিলি ব্যাংক হতে গৃহীত ঋণ/বিনিয়োগের মেয়াদের সাথে গ্রেস পিরিয়ড ব্যতিরেকে সামঞ্জস্যপূর্ণ হবে;

(ঙ) তফসিলি ব্যাংক ক্ষুদ্র উদ্যোক্তাকে প্রদত্ত ঋণ/বিনিয়োগ গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ত্রৈমাসিক ভিত্তিতে আদায় করবে;

(চ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অর্থায়নকারী ব্যাংকের অনুকূলে পুনঃঅর্থায়নকৃত অর্থ গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ত্রৈমাসিক ভিত্তিতে আদায় করা হবে; যা পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে সুদ/মুনাফাসহ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব থেকে আদায়/কর্তন করা হবে।

**৩.১৬। ফোকাল পয়েন্ট** ঃ এ পুনঃঅর্থায়ন স্কিম সংক্রান্ত বিষয়ে MRA, অর্থায়নকারী ব্যাংক এবং MFI কর্তৃক একজন করে ফোকাল পয়েন্ট মনোনীত করবে।

**৩.১৭। অন্যান্য ঃ**

(ক) ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান গ্রাহকের আয় উৎসারী কর্মকান্ড নিয়মিত পরিবীক্ষণ করবে;

(খ) MFI ঋণ/বিনিয়োগ বিতরণ এবং আদায়ের সমর্থনে গ্রাহকের অনুকূলে পাস বই সরবরাহ করবে;

(গ) MFI এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানের জন্য অনধিক ০২ পৃষ্ঠার ঋণ/বিনিয়োগ ফরম প্রচলন করতে পারবে;

(ঘ) MFI গ্রাহকের ঋণ/বিনিয়োগ আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্রে কপি, সত্যায়িত ছবি ও অন্যান্য কাগজপত্র সংরক্ষণ করবে; যা বাংলাদেশ ব্যাংক, MRA কিংবা অর্থায়নকারী ব্যাংকের পরিদর্শন/যাচাইকালে MFI চাহিদা মোতাবেক সরবরাহ করবে;

(ঙ) বাংলাদেশ ব্যাংক, ক্ষেত্রমতে বাংলাদেশ ব্যাংকের অনুরোধক্রমে MRA কিংবা অর্থায়নকারী ব্যাংক প্রয়োজনীয় সংখ্যক ঋণ/বিনিয়োগ সরেজমিনে পরিদর্শন/যাচাই করতে পারবে। পরিদর্শন/যাচাইকালে বিতরণকৃত ঋণ/বিনিয়োগে অনিয়ম বা ব্যত্যয় উদ্‌ঘাটিত হলে পুনঃঅর্থায়নকৃত অর্থের উপর ২% হারে দন্ডসুদ/অতিরিক্ত সার্ভিস চার্জ আরোপিত হবে, যা এককালীন বাংলাদেশ ব্যাংকে রক্ষিত অর্থায়নকারী ব্যাংকের চলতি হিসাব হতে কর্তন করা হবে। প্রযোজ্যক্ষেত্রে, অর্থায়নকারী ব্যাংকও MFI হতে অনুরূপ দন্ডসুদ/অতিরিক্ত সার্ভিস চার্জ আদায় করতে পারবে। এতদ্ব্যতীত, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ অথবা ক্ষেত্রমতে MRA আইন,২০০৬ অনুযায়ী প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(চ) খেলাপী ঋণ/বিনিয়োগ গ্রহীতা এ স্কিমের আওতায় কোন ঋণ/বিনিয়োগ পাওয়ার যোগ্য হবেন না। ঋণ/বিনিয়োগ প্রদানের পূর্বে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বিষয়টি নিশ্চিত করবে এবং গ্রাহকের নিকট থেকে ঋণ খেলাপী নন মর্মে অঙ্গীকারনামা গ্রহণ করবে;

(ছ) যদি কোন গ্রাহক নির্ধারিত সময়ের মধ্যে ঋণ/বিনিয়োগের অর্থ পরিশোধে ব্যর্থ হন, তাহলে MFI এর প্রচলিত নিয়মে তাকে খেলাপী হিসেবে চিহ্নিত করতে হবে;

(জ) অর্থায়নকারী ব্যাংক কর্তৃক প্রথমবার পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে MFI এর সাথে সম্পাদিত সমঝোতা চুক্তির কপি প্রেরণ করতে হবে।

(ঝ) বাংলাদেশ ব্যাংক পুনঃঅর্থায়ন স্কিম সংক্রান্ত উল্লিখিত নীতিমালার শর্তাদি সময়ে সময়ে প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করার অধিকার সংরক্ষণ করে।

(পরবর্তী পাতা নং-৫)

০৪। **রহিতকরণ ও হেফাজত ঃ**

সংশ্লিষ্ট বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত ২০ এপ্রিল ২০২০ তারিখের এফআইডি সার্কুলার নং-০১/২০২০, ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০২০, ০৯ নভেম্বর ২০২০ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০২/২০২০ এবং ০৮ জুন ২০২১ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০২১ এতদ্বারা রহিত করা হলো। রহিতকরণ সত্ত্বেও উক্ত স্কিমের আওতায় ইতোমধ্যে কৃত বা গৃহীত কার্যক্রম পূর্বেকার নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে।

০৫। এমতাবস্থায়, নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব প্রলম্বিত হওয়ায় এর নেতিবাচক প্রভাব হতে নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের উত্তরণ ও তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি এবং ক্ষতিগ্রস্ত প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকান্ড চলমান রাখা এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকার ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর ২৮ অক্টোবর ২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং-০২/২০২১ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। প্রদত্ত সার্কুলারের নির্দেশনা পরিপালনের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-০২২২৩৩৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৫)রুমাবি-৩৩৮/২০২১-২০২২/ ৮৪৯(১২৫০) তারিখঃ ০৯ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

( মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

F:\340 Covid19\BB Refinance 09-11-21.doc

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০।
www.bb.org.bd

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার নং-০২/২০২১

তারিখঃ ১২ কার্তিক ১৪২৮ / ২৮ অক্টোবর ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনাভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিম।**

শিরোনামোক্ত বিষয়ে ২০ এপ্রিল ২০২০ তারিখের এফআইডি সার্কুলার নং-০১/২০২০, ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০২০, ০৯ নভেম্বর ২০২০ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০২/২০২০ এবং ০৮ জুন ২০২১ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের মাধ্যমে করোনাভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকান্ড চলমান রাখা এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম (Revolving Refinance Scheme) গঠন করা হয়। উক্ত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন সহজতর করার নিমিত্তে বিভিন্ন সময়ে নীতি সহায়তা প্রদানের লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিমটি ০৩ বছরের জন্য প্রণীত হয়েছে। গত ৩০ জুন ২০২১ তারিখে স্কিমটির প্রথম দফা বাস্তবায়ন শেষ হয়েছে। দ্বিতীয় দফা বাস্তবায়ন ০১ জুলাই ২০২১ তারিখ হতে শুরু হয়েছে, যা আগামী ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে। এ পর্যায়ে কোভিড-১৯ এর প্রাদুর্ভাব প্রলম্বিত হওয়ায় এর নেতিবাচক প্রভাব হতে নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের উত্তরণ ও তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উক্ত স্কিমের বাস্তবায়ন আরও সহজতর করার জন্য ইতঃপূর্বে জারিকৃত নির্দেশনাসমূহ সমন্বিত করে এবং নতুন কিছু নির্দেশনা একীভূত করে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ জারি করা হলোঃ

**২.১) স্কিমের নাম** ঃ এ স্কিমের নাম হবে "নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিম"।

**২.২) তহবিলের উৎস ও পরিমাণ** ঃ বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল; টাকা ৩,০০০ (তিন হাজার) কোটি। তবে, প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক এ তহবিলের পরিমাণ বৃদ্ধি করতে পারবে।

**২.৩) স্কিমের মেয়াদ** ঃ এ স্কিমের মেয়াদ হবে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত।

**২.৪) অর্থায়নকারী প্রতিষ্ঠান** ঃ (ক) বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের (MFI) সদস্যদের অনুকূলে ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণের উদ্দেশ্যে MFI এর অনুকূলে প্রদত্ত ঋণ/বিনিয়োগ তাদের সদস্যদের মধ্যে বিতরণের পর এ স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে;

(খ) বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক নিজস্ব নীতিমালায় ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে সরাসরি বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতেও এ স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে;

(গ) ইসলামী শরীয়াহ্‌ভিত্তিক ব্যাংকসমূহ শরীয়াহ্‌ নীতিমালা অনুসরণ করে MFI ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে বিনিয়োগ অনুমোদনের পর এ স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক থেকে অর্থায়ন সুবিধা গ্রহণ করে বিতরণ করতে পারবে;

(ঘ) MFI ও সরাসরি ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে অর্থায়নে আগ্রহী তফসিলি ব্যাংকসমূহকে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-এর সাথে একটি অংশগ্রহণমূলক চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে। তবে, ইতঃপূর্বে যে সকল ব্যাংক বর্ণিত স্কিমের আওতায় অংশগ্রহণমূলক চুক্তি সম্পাদন করেছে, তাদের নতুনভাবে চুক্তি সম্পাদনের আবশ্যকতা নেই। ব্যাংকসমূহ কর্তৃক ইতঃপূর্বে সম্পাদিত অংশগ্রহণমূলক চুক্তি, MFI ও ক্ষুদ্র উদ্যোক্তা উভয় পর্যায়ে অর্থায়নের চুক্তি হিসেবেই গণ্য হবে।

**২.৫) ব্যাংক কর্তৃক MFI নির্বাচন ও ঋণ/বিনিয়োগ মঞ্জুরী প্রক্রিয়া ঃ**

(ক) MFI এ স্কিমে অংশগ্রহণের আগ্রহ জানিয়ে সংশ্লিষ্ট ব্যাংকে প্রয়োজনীয় দলিলাদিসহ আবেদনপত্র দাখিল করবে;

(খ) অর্থায়নকারী ব্যাংক MFI সম্পর্কিত বিভিন্ন তথ্য, যেমন ঋণ পরিশোধের সক্ষমতা (Repayment Capacity), আর্থিক অবস্থা ইত্যাদি সম্পর্কে সন্তুষ্ট হয়ে এ স্কিমের আওতায় অর্থায়ন বা ঋণ/বিনিয়োগ বিতরণ, তদারকি এবং আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট MFI এর সাথে একটি সমঝোতা চুক্তি সম্পাদন করবে;

(গ) অর্থায়নকারী ব্যাংক কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত MFI এর আর্থিক সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র প্রদান করার জন্য মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (MRA) কে অনুরোধ জানাবে;

(ঘ) অর্থায়নকারী ব্যাংক হতে প্রত্যয়নপত্র প্রদানের অনুরোধ প্রাপ্তির পর ন্যূনতম সময়ের মধ্যে MRA সংশ্লিষ্ট MFI এর আর্থিক সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র ইস্যু করবে। MRA কর্তৃক উল্লিখিত প্রত্যয়নপত্র প্রদানকালে বিদ্যমান বিধি-বিধান পরিপালন এবং নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করবে:

- দায় (সঞ্চয়, গৃহীত কর্জ) ও সম্পদের (ঋণ/বিনিয়োগ স্থিতি) অনুপাত;
- ব্যাংক ও অন্যান্য উৎস হতে গৃহীত ঋণ/বিনিয়োগ নিয়মিত ফেরত প্রদান;
- মোট উদ্বৃত্ত তহবিলের ১০% দ্বারা সংরক্ষিত তহবিল গঠন। তবে, MFI এর কর্মপরিধি বিবেচনায় MRA নিজস্ব নীতিমালা অনুসরণ করে নির্ধারিত ১০% এর শর্ত প্রয়োজনে শিথিলভাবে বিবেচনা করতে পারবে;
- ঋণ/বিনিয়োগ ক্ষতি সঞ্চিতি সংরক্ষণ।

(ঙ) MRA ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্রে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ করবে:

- সর্বশেষ সমাপ্ত অর্থ বছরের (নিরীক্ষিত আর্থিক বিবরণী মোতাবেক) ঋণ/বিনিয়োগ স্থিতির পরিমাণ;
- এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ প্রাপ্তির সর্বোচ্চ সীমা [এ স্কিমের আওতায় MRA কর্তৃক ইস্যুকৃত আর্থিক সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্রের ভিত্তিতে অর্থায়নকারী ব্যাংক MFI এর বিদ্যমান ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৪০% পর্যন্ত অথবা আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের মোট তহবিলের (৩,০০০ কোটি টাকা) ৫%, এর মধ্যে যা কম ঋণ/বিনিয়োগ হিসেবে মঞ্জুরী/প্রদান করতে পারবে];
- বিদ্যমান দায় (সঞ্চয়, গৃহীত কর্জ) ও সম্পদের (ঋণ/বিনিয়োগ স্থিতি) অনুপাত;
- সংরক্ষিত তহবিল/তহবিলসমূহের পরিমাণ;
- এ স্কিমের আওতায় সংশ্লিষ্ট MFI এর বিপরীতে যে সকল ব্যাংকের অনুকূলে সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র ইস্যু করা হয়েছে সে সকল ব্যাংকের নাম।

(চ) তফসিলি ব্যাংকসমূহ নির্বাচিত MFI এর আবেদনের ভিত্তিতে তাদের অনুকূলে অর্থায়ন করবে;

(ছ) তফসিলি ব্যাংক হতে অর্থায়ন প্রাপ্তির পর MFI ন্যূনতম সময়ের মধ্যে গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ বিতরণ নিশ্চিত করবে;

(জ) এ স্কিমের আওতায় কোন MFI অনধিক ০৫ টি তফসিলি ব্যাংক হতে অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। তবে, প্রয়োজনের নিরিখে MFI, বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনক্রমে ০৫ টির অধিক তফসিলি ব্যাংক হতেও অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। অর্থায়ন সুবিধা গ্রহণকারী MFI এর নির্ধারিত সীমার মধ্যে অর্থায়ন গ্রহণ নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট MFI এ স্কিমের আওতায় অন্যান্য ব্যাংক হতে গৃহীত ঋণ/বিনিয়োগের তথ্য সম্বলিত একটি ঘোষণাপত্র ব্যাংকে দাখিল করবে। ব্যাংক প্রয়োজনে দাখিলকৃত তথ্যাদি যাচাই করবে।

**২.৬) স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্তির যোগ্য গ্রাহক** ঃ (ক) 'নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী' অর্থাৎ স্থানীয়ভাবে কৃষি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকান্ডে নিয়োজিত বিভিন্ন শ্রেণী/পেশার স্থানীয় উদ্যোক্তা ও পেশাজীবী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(খ) অতিদরিদ্র, দরিদ্র অথবা কোন অনগ্রসর গোষ্ঠীভুক্ত ব্যক্তি, অসহায়/নিগৃহীত নারী, কোভিড-১৯ এর প্রভাবে ক্ষতিগ্রস্ত এবং বিদেশ থেকে প্রত্যাগত ব্যক্তিগণ এ ঋণ/বিনিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে, মোট ঋণ/বিনিয়োগের কমপক্ষে ২৫% নারীদের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে।

**২.৭) MFI কর্তৃক ঋণ/বিনিয়োগ বিতরণের শর্তাবলী** ঃ (ক) MFI নিজস্ব নীতিমালার পাশাপাশি গ্রাহকের বিগত এক বছরের আয়বর্ধক কর্মকান্ড বিবেচনায় নিয়ে এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণ করবে। বিগত ০১ বছরের সময়কালে কোভিড-১৯ এর প্রভাবে আয়বর্ধক কর্মকান্ড সন্তোষজনক না হলে, সেক্ষেত্রে কোভিড-১৯ এর পূর্ববর্তী ০১ বছরের আয়বর্ধক কর্মকান্ড বিবেচনায় নিয়ে ঋণ/বিনিয়োগ প্রাপ্যতা নির্ধারণ করতে পারবে;

(খ) MFI এর সমিতিভুক্ত কোন সদস্যকেই এই ঋণ/বিনিয়োগ প্রদান করা যাবে;

(গ) করোনাভাইরাসের সংক্রমণ ও বিস্তারজনিত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছেন এমন গ্রাহকগণ অগ্রাধিকার পাবেন;

(ঘ) এ স্কিমের আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগের অর্থ দিয়ে গ্রাহকের বিদ্যমান অন্য কোন ঋণ/বিনিয়োগ সমন্বয় করা যাবে না;

(ঙ) এ স্কিমের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ যথাসময়ে আদায়ের পর সংশ্লিষ্ট গ্রাহককে আয়বর্ধক কর্মকান্ড সচল রাখার লক্ষ্যে এ স্কিমের মেয়াদের মধ্যে নতুনভাবে ঋণ/বিনিয়োগ বিতরণ করা যাবে;

(চ) ঋণ/বিনিয়োগ গ্রহীতা অন্য কোন ব্যাংক বা MFI এর ঋণ/বিনিয়োগ খেলাপি হলে এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন না।

**২.৮) গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের পরিমাণ** ঃ এ স্কিমের আওতায় নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীগণকে তাদের আয় উৎসারী কর্মকান্ড পরিচালনা/সচল রাখার জন্য প্রদেয় ঋণ/বিনিয়োগ সীমা হবে নিম্নরূপঃ

(ক) MFI কর্তৃক একক গ্রাহকের ক্ষেত্রে ক্ষুদ্র ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৭৫.০০ (পঁচাত্তর) হাজার টাকা এবং আয় উৎসারী কর্মকান্ডে অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ (Group of Persons) এর সমন্বয়ে গঠিত গ্রুপভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে ন্যূনতম ০৫ সদস্যবিশিষ্ট গ্রুপের অনুকূলে ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা;

(খ) MFI কর্তৃক নির্বাচিত ক্ষুদ্র উদ্যোক্তার অনুকূলে এককভাবে ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা এবং ন্যূনতম ০৫ সদস্যবিশিষ্ট যৌথ প্রকল্পে (গ্রুপ) ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা;

গ) তফসিলি ব্যাংক কর্তৃক সরাসরি নির্বাচিত ক্ষুদ্র উদ্যোক্তার অনুকূলে এককভাবে ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা এবং ন্যূনতম ০৫ সদস্যবিশিষ্ট যৌথ প্রকল্পে (গ্রুপ) ঋণ/বিনিয়োগের পরিমাণ হবে সর্বোচ্চ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা;

(ঘ) গ্রুপ গঠন এবং এর কার্যাদি পরিচালনার বিষয়ে সদস্যগণের মধ্যে এ সংক্রান্ত একটি চুক্তি থাকতে হবে;

(ঙ) কোন ব্যক্তি ক্ষুদ্র ঋণ/বিনিয়োগ এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ/বিনিয়োগ-এর মধ্যে যে কোন একটি (একক অথবা গ্রুপভুক্ত) ঋণ/বিনিয়োগ পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবেন।

**২.৯) ব্যাংক কর্তৃক** MFI এ **অর্থায়নের সীমা ঃ** ক) কোন একটি MFI এর অনুকূলে সর্বোচ্চ অর্থায়নের পরিমাণ হবে MFI এর বিদ্যমান (সর্বশেষ সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী মোতাবেক) ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৪০% অথবা আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের মোট তহবিলের (৩,০০০ কোটি টাকা) ৫%, এর মধ্যে যা কম। অর্থায়নের এ সীমা চাহিদা ও প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিবর্তন করা যেতে পারে;

খ) তবে, এ অর্থায়নের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত Single Borrower Exposure Limit এর বিধি-বিধান প্রযোজ্য হবে।

**২.১০) MFI কর্তৃক প্রাপ্ত তহবিলের খাতভিত্তিক বিভাজন** ঃ এ স্কিমের আওতায় কোন MFI কর্তৃক সংশ্লিষ্ট অর্থায়নকারী ব্যাংক হতে প্রাপ্ত মোট তহবিলের ৭০% ক্ষুদ্র ঋণ/বিনিয়োগ খাতে এবং ৩০% ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ/বিনিয়োগ খাতে বিতরণ করতে হবে। তবে, কোন কারণে MFI কর্তৃক ক্ষুদ্র উদ্যোক্তা খাতে ঋণ/বিনিয়োগ বিতরণ সম্ভব না হলে উক্ত অর্থ ক্ষুদ্র ঋণ (Micro Credit) খাতেও বিতরণ করতে পারবে।

**২.১১) পুনঃঅর্থায়ন প্রক্রিয়া** ঃ পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে অর্থায়নকারী ব্যাংক গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের বিস্তারিত তথ্য ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য/দলিলাদিসহ (সংযুক্তি-১ মোতাবেক) প্রতি মাসের ২০ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবরে আবেদন করবে। অর্থায়নকারী ব্যাংকের আবেদনের ভিত্তিতে এ স্কিম হতে পুনঃঅর্থায়ন করা হবে।

**২.১২) গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের মেয়াদ** ঃ এ স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের মেয়াদ গ্রাহকের পেশা, ব্যবসার ধরণ, টার্নওভার, ফসল উৎপাদনের পঞ্জিকা (Crop Calendar) অনুযায়ী নির্ধারণ করা যাবে। গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের মেয়াদ হবে নিম্নরূপঃ

(ক) ক্ষুদ্র ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে (একক ও গ্রুপভুক্ত উভয় ক্ষেত্রে) ঋণ/বিনিয়োগের মেয়াদ হবে বিতরণের তারিখ হতে গ্রেস পিরিয়ড ব্যতিরেকে সর্বোচ্চ ০১ বছর;

(খ) ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে (একক ও গ্রুপভুক্ত উভয় ক্ষেত্রে) ঋণ/বিনিয়োগ মেয়াদ হবে গ্রেস পিরিয়ড ব্যতিরেকে কমপক্ষে ০২ বছর এবং সর্বোচ্চ ০৩ বছর;

(গ) ক্ষুদ্র ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ ০৩ মাস এবং ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে সর্বোচ্চ ০৬ মাস গ্রেস পিরিয়ড প্রদান করা যাবে। তবে, MFI ও গ্রাহক উভয়পক্ষের সম্মতিক্রমে ঋণ/বিনিয়োগ গ্রহীতার অর্থনৈতিক কর্মকান্ড/ব্যবসার ধরণ অনুযায়ী MFI কর্তৃক প্রদেয় ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড সর্বনিম্ন ০১ মাস পর্যন্ত নির্ধারণ করা যাবে। অনুরূপভাবে, তফসিলি ব্যাংক কর্তৃক ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে প্রদেয় ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড সর্বনিম্ন ০৩ মাস নির্ধারণ করা যাবে।

**২.১৩) ব্যাংক ও MFI পর্যায়ে সুদ/মুনাফার হার** ঃ (ক) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অর্থায়নকারী ব্যাংকের অনুকূলে প্রদত্ত পুনঃঅর্থায়নের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক ০.৫%;

(খ) অর্থায়নকারী ব্যাংক কর্তৃক MFI এর অনুকূলে প্রদত্ত অর্থায়নের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক সর্বোচ্চ ৩%।

**২.১৪) গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার ও অন্যান্য ফি/খরচ** ঃ (ক) MFI কর্তৃক গ্রাহক পর্যায়ে বার্ষিক সুদ/মুনাফা/সার্ভিস চার্জের হার হবে ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতিতে (Reducing Balance Method) সর্বোচ্চ ৯%। MRA এর ০৪ মে ২০১৪ তারিখের সার্কুলার লেটার নং-রেগু-২৩ এ বর্ণিত ভর্তি ফি, পাস বই, ঋণ ফরম এবং নন-জুডিশিয়াল স্টাম্পে অঙ্গীকারনামার খরচ ব্যতীত অন্য কোন চার্জ/ফি আদায় করা যাবে না;

(খ) তফসিলি ব্যাংক কর্তৃক সরাসরি ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার হবে ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতিতে (Reducing Balance Method) সর্বোচ্চ বার্ষিক ৭%। স্ট্যাম্প ফি, এসএমএস চার্জ ও সরকারী আবগারী শুল্ক ব্যতীত অন্য কোন চার্জ/ফি আদায় করা যাবে না।

**২.১৫) আদায়** ঃ (ক) MFI গ্রাহকের নিকট থেকে গ্রেস পিরিয়ড শেষে সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণ/বিনিয়োগের অর্থ আদায় করবে;

(খ) অর্থায়নকারী ব্যাংক MFI-কে প্রদত্ত ক্ষুদ্র ঋণ/বিনিয়োগের বিপরীতে অর্থায়ন ও আদায়ের জন্য ০৩ মাস এবং ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে ঋণ/বিনিয়োগের বিপরীতে অর্থায়ন ও আদায়ের জন্য ০৬ মাস গ্রেস পিরিয়ড প্রদান করবে। গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ঋণ/বিনিয়োগের কিস্তি আদায় শুরু হবে;

(গ) MFI-কে ঋণ/বিনিয়োগ প্রদানকারী ব্যাংক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থায়নকৃত অর্থ আদায় করবে। এক্ষেত্রে, ০১/০২/০৩ বছরের জন্য প্রদত্ত ঋণ/বিনিয়োগ যথাক্রমে ০৪/০৮/১২ কিস্তিতে আদায় করবে;

(ঘ) তবে, MFI কর্তৃক মাঠ পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের মেয়াদ তাদের কর্তৃক তফসিলি ব্যাংক হতে গৃহীত ঋণ/বিনিয়োগের মেয়াদের সাথে গ্রেস পিরিয়ড ব্যতিরেকে সামঞ্জস্যপূর্ণ হবে;

(ঙ) তফসিলি ব্যাংক ক্ষুদ্র উদ্যোক্তাকে প্রদত্ত ঋণ/বিনিয়োগ গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ত্রৈমাসিক ভিত্তিতে আদায় করবে;

(চ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অর্থায়নকারী ব্যাংকের অনুকূলে পুনঃঅর্থায়নকৃত অর্থ গ্রেস পিরিয়ড শেষ হওয়ার পর ত্রৈমাসিক ভিত্তিতে আদায় করা হবে; যা পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে সুদ/মুনাফাসহ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব থেকে আদায়/কর্তন করা হবে।

**২.১৬) ফোকাল পয়েন্ট** ঃ এ পুনঃঅর্থায়ন স্কিম সংক্রান্ত বিষয়ে MRA, অর্থায়নকারী ব্যাংক এবং MFI কর্তৃক একজন করে ফোকাল পয়েন্ট মনোনীত করবে।

**২.১৭) অন্যান্য** ঃ (ক) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান গ্রাহকের আয় উৎসারী কর্মকান্ড নিয়মিত পরিবীক্ষণ করবে;

(খ) MFI ঋণ/বিনিয়োগ বিতরণ এবং আদায়ের সমর্থনে গ্রাহকের অনুকূলে পাস বই সরবরাহ করবে;

(গ) MFI এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানের জন্য অনধিক ০২ পৃষ্ঠার ঋণ/বিনিয়োগ ফরম প্রচলন করতে পারবে;

(ঘ) MFI গ্রাহকের ঋণ/বিনিয়োগ আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্রের কপি, সত্যায়িত ছবি ও অন্যান্য কাগজপত্র সংরক্ষণ করবে; যা বাংলাদেশ ব্যাংক, MRA কিংবা অর্থায়নকারী ব্যাংকের পরিদর্শন/যাচাইকালে MFI চাহিদা মোতাবেক সরবরাহ করবে;

(ঙ) বাংলাদেশ ব্যাংক, ক্ষেত্রমতে বাংলাদেশ ব্যাংকের অনুরোধক্রমে MRA কিংবা অর্থায়নকারী ব্যাংক প্রয়োজনীয় সংখ্যক ঋণ/বিনিয়োগ সরেজমিনে পরিদর্শন/যাচাই করতে পারবে। পরিদর্শন/যাচাইকালে বিতরণকৃত ঋণ/বিনিয়োগে অনিয়ম বা ব্যত্যয় উদ্‌ঘাটিত হলে পুনঃঅর্থায়নকৃত অর্থের উপর ২% হারে দন্ডসুদ/অতিরিক্ত সার্ভিস চার্জ আরোপিত হবে, যা এককালীন বাংলাদেশ ব্যাংকে রক্ষিত অর্থায়নকারী ব্যাংকের চলতি হিসাব হতে কর্তন করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে, অর্থায়নকারী ব্যাংকও MFI হতে অনুরূপ দন্ডসুদ/অতিরিক্ত সার্ভিস চার্জ আদায় করতে পারবে। এতদ্ব্যতীত, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ অথবা ক্ষেত্রমতে MRA আইন, ২০০৬ অনুযায়ী প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(চ) খেলাপী ঋণ/বিনিয়োগ গ্রহীতা এ স্কিমের আওতায় কোন ঋণ/বিনিয়োগ পাওয়ার যোগ্য হবেন না। ঋণ/বিনিয়োগ প্রদানের পূর্বে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান বিষয়টি নিশ্চিত করবে এবং গ্রাহকের নিকট থেকে ঋণ খেলাপী নন মর্মে অঙ্গীকারনামা গ্রহণ করবে;

(ছ) যদি কোন গ্রাহক নির্ধারিত সময়ের মধ্যে ঋণ/বিনিয়োগের অর্থ পরিশোধে ব্যর্থ হন, তাহলে MFI এর প্রচলিত নিয়মে তাকে খেলাপী হিসেবে চিহ্নিত করতে হবে;

(জ) অর্থায়নকারী ব্যাংক কর্তৃক প্রথমবার পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে MFI এর সাথে সম্পাদিত সমঝোতা চুক্তির কপি প্রেরণ করতে হবে;

(ঝ) বাংলাদেশ ব্যাংক পুনঃঅর্থায়ন স্কিম সংক্রান্ত উল্লিখিত নীতিমালার শর্তাদি সময়ে সময়ে প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করার অধিকার সংরক্ষণ করে।

০৩। **রহিতকরণ ও হেফাজতঃ** সংশ্লিষ্ট বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত ২০ এপ্রিল ২০২০ তারিখের এফআইডি সার্কুলার নং-০১/২০২০, ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০২০, ০৯ নভেম্বর ২০২০ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০২/২০২০ এবং ০৮ জুন ২০২১ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০২১ এতদ্বারা রহিত করা হলো। রহিতকরণ সত্ত্বেও উক্ত স্কিমের আওতায় ইতোমধ্যে কৃত বা গৃহীত কার্যক্রম পূর্বেকার নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রুহুল আমিন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩৪৩
ইমেইলঃ amin.ruhul@bb.org.bd

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।



বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা

(সংযুক্তি-১)

অর্থায়নকারী ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়ন আবেদনের নমুনা
(ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের মাধ্যমে ঋণ/বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে)

সূত্রঃ ----------------- তারিখঃ-------------

মহাব্যবস্থাপক
ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**নভেল করোনাভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন।**

শিরোনামোক্ত বিষয়ে ২৮ অক্টোবর ২০২১ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার নং-০২/২০২১ এর নির্দেশনা অনুসরণপূর্বক উক্ত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় অত্র ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান ----------------- এর অনুকূলে অর্থায়নকৃত তহবিলের বিপরীতে --/২০২১ এ --- জন গ্রাহককে মোট ----------- টাকা ঋণ/বিনিয়োগ প্রদান করা হয়েছে। -----জন ক্ষুদ্র উদ্যোক্তাকে ব্যাংক কর্তৃক সরাসরি মোট ---- টাকা ঋণ/বিনিয়োগ প্রদান করা হয়েছে। আলোচ্য ঋণ/বিনিয়োগ অনুমোদন এবং ঋণ/বিনিয়োগ বিতরণে সার্কুলারে উল্লিখিত সকল নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। উক্ত অর্থায়নের বিপরীতে বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিস্তারিত তথ্য এতদসঙ্গে দাখিল করা হলো।

অনুগ্রহপূর্বক অত্র ব্যাংকের অনুকূলে মোট -------------------টাকা (কথায়---------------------------) --- মাসের গ্রেস পিরিয়ডসহ --- মাস মেয়াদে পুনঃঅর্থায়ন প্রদান করে বাধিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(---------------------------)
ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান
ঠিকানাঃ----------------------
ফোনঃ ----------------------
ই-মেইলঃ-----------------------

সংযোজনী:

১। গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিস্তারিত তথ্য (সারণী-১ ও ২ মোতাবেক)।
২। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান/গ্রাহকের অনুকূলে প্রদত্ত ঋণ/বিনিয়োগের মঞ্জুরীপত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
৩। ঋণ/বিনিয়োগ হিসাবের বিবরণী।
৪। ডিপি নোট।

*প্রতিটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ক্ষেত্রে পৃথক আবেদন করতে হবে।*
*সরাসরি ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঅর্থায়নের জন্য পৃথক আবেদন করতে হবে।*

বাংলাদেশ ব্যাংক ... প্রধান কার্যালয়, ঢাকা

অর্থায়নকারী ব্যাংকের নামঃ-------------------------------------

সারণী-১

ঋণ/বিনিয়োগ প্রদানকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের নাম ঃ

MRA সনদ নং ঃ

| ক্রমিক নং | গ্রাহকের নাম | লিঙ্গ (পুরুষ/মহিলা/তৃতীয়) | মোবাইল নম্বর | জাতীয় পরিচয়পত্র নং | বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকা) | বিতরণের তারিখ | গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার | মেয়াদ (গ্রেস পিরিয়ডসহ) | গ্রেস পিরিয়ড | খাত/ উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | |

সারণী-২ (ব্যাংক কর্তৃক সরাসরি ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে প্রদত্ত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে)

| ক্রমিক নং | ক্ষুদ্র উদ্যোক্তার নাম | লিঙ্গ (পুরুষ/মহিলা/তৃতীয়) | মোবাইল নম্বর | জাতীয় পরিচয়পত্র নং | বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকা) | বিতরণের তারিখ | সুদ/মুনাফার হার | মেয়াদ (গ্রেস পিরিয়ডসহ) | গ্রেস পিরিয়ড | খাত/ উদ্দেশ্য | ঋণ হিসাব নং |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | |